

তারিখ : ০৭ এপ্রিল, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

গাজায় ইসরায়েলি বাহিনীর নৃশংস ও বর্বরোচিত হামলা এবং গণহত্যার প্রতিবাদে পিবিপ্রবিতে মানববন্ধন ও কর্মবিরতি



যুদ্ধবিরতি লঙ্ঘন করে ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি বাহিনী কর্তৃক নৃশংস ও বর্বরোচিত হামলা এবং গণহত্যার প্রতিবাদে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিবিপ্রবি) শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা মানববন্ধন ও কর্মবিরতি পালন করেছেন। অদ্য ০৭ এপ্রিল সোমবার সকাল ১০.০০টায় প্রশাসনিক ভবনের সামনে আয়োজিত মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

এর আগে সকাল ৯.০০টা থেকে ১২.০০টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল অফিস বন্ধ রাখা হয়। এ ছাড়া এদিন বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হয়।

মানববন্ধনে অংশ নিয়ে পিবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বলেন, ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের নৃশংস ও বর্বরোচিত হামলা এবং গণহত্যা অনতিবিলম্বে বন্ধের দাবিতে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিশ্ববাসীর সাথে একাঙ্গতা ঘোষণা করেছে। আমরা ফিলিস্তিনের সাধারণ জনগণ, নারী ও শিশুদের ওপর ইসরায়েলের এমন বর্বর হামলায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।

তিনি বলেন, ইসরায়েলি বাহিনী গত ১৮ মাসে প্রায় ৫৫ হাজার ফিলিস্তিনিকে হত্যা করেছে। এর মধ্যে নারী ও শিশু থেকে শুরু করে অনেক নবজাতকও প্রাণ হারিয়েছে। ইসরায়েলের হামলায় ফিলিস্তিনের প্রায় ১৮ হাজার শিশু নিহত হয়েছে এবং প্রায় ৩৮ হাজার শিশু তাদের বাবা-মা হারিয়েছে। ইসরায়েল একটা জাতিকে ধীরে ধীরে ধ্বংস করে ফেলেছে। এটা কারো পক্ষে মেনে নেওয়া সম্ভব নয়। কিন্তু এমন বর্বর হত্যায়জের পরও বিশ্ববাসী নীরব। আমরা আজকের এই মানববন্ধন থেকে ফিলিস্তিনের সাধারণ জনগণের পাশে দাঁড়ানোর জন্য জাতিসংঘ থেকে শুরু করে বিশ্ববাসীর প্রতি উদাত আহ্বান জানাই। তিনি আরও বলেন, এই নির্মম হত্যায়জ অবিলম্বে বন্ধ না করলে একদিন বিশ্ব মানবতার কাছে আপনাদের জবাবদিহি করতে হবে। আপনারা দেশ ও জাতির শত্রু হিসেবে বিশ্ববাসীর কাছে বিবেচিত হবেন।

একসঙ্গে পিবিপ্রবি উপাচার্য ইসরায়েলি বাহিনী কর্তৃক ফিলিস্তিনীদের ওপর নৃশংস ও বর্বরোচিত হামলা বন্ধে কার্যকর পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

মানববন্ধনে অন্যান্যদের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন ড. আকতার হোসেন, গণিত বিভাগের চেয়ারম্যান ড. মো. মোশাররফ হোসেন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সহযোগী অধ্যাপক কে. এম. আসলাম উদ্দিন বক্তব্য রাখেন। তারা অনতিবিলম্বে ফিলিস্তিনে গণহত্যা বন্ধ করার পাশাপাশি যুদ্ধবিরতি কার্যকর করার আহ্বান জানান। এ ছাড়া শিক্ষার্থীদের মধ্যে পরিসংখ্যান বিভাগের প্রথম বর্ষের আসিফ আকতার বক্তব্য দেন।

বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক শিক্ষার্থী ফিলিস্তিনীদের ওপর ইসরায়েলি বাহিনী কর্তৃক নৃশংস ও বর্বরোচিত হামলা এবং গণহত্যার প্রতিবাদে বিভিন্ন স্লোগান সম্বলিত প্ল্যাকার্ড, ব্যানার ও ফেস্টুনসহ মানববন্ধনে অংশ নেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর

প্রয়োজনে: ০১৫২১-২১১৩৬৩